

গ্রাহক সেবা সহজীকরণে উদ্ভাবনী ধারণা আহ্বানের বিজ্ঞপ্তি

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকারী নির্দেশে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর সকল কর্মকর্তা-কর্মচারীদের জানানো যাচ্ছে যে, গ্রাহক সেবা সহজীকরণ, সেবার গুণগত মান উন্নয়নে এবং আগামী ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য উদ্ভাবনী ধারণা আহ্বান করা যাচ্ছে। উদ্ভাবনী ধারণাটি গ্রাহকবান্ধব এবং সেবা গ্রহীতার ক্ষেত্রে তার (সেবা গ্রহীতার) ব্যয় ও সংশ্লিষ্ট অফিসে যোগাযোগের সংখ্যা ন্যূনতম হওয়া বাঞ্ছনীয়। এছাড়া সেবা প্রদানকারী হিসাবে, উক্ত সেবাটি সঠিক গুণগত মান বজায় রেখে যত কম সময়ের মধ্যে প্রদান করা যায় তা বিবেচনায় রাখতে হবে। উদ্ভাবনী ধারণা প্রণয়নের ক্ষেত্রে নিজ অফিসের সেবা সহজীকরণ বা সেবায় ইনোভেশন, ই-সেবা কার্যক্রম এবং গ্রাহকসেবা সহজীকরণ ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে।

উদ্ভাবনী ধারণার নাম এবং তা বাস্তবায়নের প্রক্রিয়া লিখিত আকারে আগামী ৩০/০৪/২০১৮ তারিখের মধ্যে ইনোভেশন অফিসার এর কার্যালয়ের আইডিয়া বক্সে জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, যাঁর উদ্ভাবনী ধারণা কর্মপরিকল্পনার জন্য চূড়ান্তভাবে মনোনীত হবে, তাকে যথোপযুক্ত পুরস্কার প্রদান করা হবে।

ধন্যবাদান্তে,



(প্রকৌঃ আবুল হাসনাত)

মহাব্যবস্থাপক (অপারেশন ও মেইন্টেন্যান্স)

এবং

ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,

ইনোভেশন টিম, বিজিডিসিএল, কুমিল্লা।

ই-মেইলঃ hasnat8@gmail.com

gm_operation@bgdcl.org.bd

মোবাইল নং- ০১৭১১৮১৯৩০৬